



প্রকৌশলী মোঃ বেলাল হোসেন

অধ্যক্ষ

জনাব প্রকৌশলী মোঃ বেলাল হোসেন, শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীন ছাতক সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, ছাতক, সুনামগঞ্জ- এ ১৩ নভেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে অধ্যক্ষ পদে যোগদান করেন। ইত: পূর্বে তিনি ২২ এপ্রিল ২০০৪ খ্রিঃ হতে ১২ নভেম্বর ২০১৪ খ্রিঃ পর্যন্ত বাঞ্ছারামপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়ায় ও ২২ নভেম্বর ২০১৪ খ্রিঃ হতে ২০ ডিসেম্বর ২০২১ খ্রিঃ পর্যন্ত সুনামগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, সুনামগঞ্জ- এ চীফ ইন্সট্রাক্টর (ফার্ম মেশিনারি) পদে এবং ২১ ডিসেম্বর ২০২১ খ্রিঃ হতে ১২ নভেম্বর ২০২৩ খ্রিঃ পর্যন্ত বীর মুক্তিযোদ্ধা মৌলানা আছাদ আলী সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, মাধবপুর, হবিগঞ্জ- এ অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) পদে কর্মরত ছিলেন। তিনি ১৯৮৬ সালে অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া হতে প্রথম বিভাগে এস.এস.সি., ১৯৮৯ সালে নটরডেম কলেজ, ঢাকা হতে প্রথম বিভাগে এইচ.এস.সি. এবং ১৯৯৪ সালে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) হতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রথম শ্রেণিতে বি.এসসি. ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জন করেন। চাকরিতে যোগদানের পর তিনি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি) সিলেট এর অধীন ইনস্টিটিউট অফ ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি (আইআইসিটি) হতে প্রথম শ্রেণিতে এম.আই.টি. ডিগ্রি অর্জন করেন।

জনাব প্রকৌশলী মোঃ বেলাল হোসেন এর পিতা জনাব মোঃ তাজুল ইসলাম এবং মাতা জনাব সাফিয়া বেগম। তাঁর সহধর্মিণী জনাব তাহমিনা আক্তার, সুনামগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, সুনামগঞ্জ- এ ইন্সট্রাক্টর (ফার্ম মেশিনারি) পদে কর্মরত আছেন। তাঁর নিজ জেলা ব্রাহ্মণবাড়িয়া।